

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম-৪২০৬

নং ১৮.৪৫৫.০০১.০০.০০৩.২০১৭

২৯ জানুয়ারি ২০১৮

প্রাপক : ৫৪ ব্যাচ ক্যাডেট নির্বাচনী প্রার্থী (অপেক্ষমান তালিকার ২য় পর্যায়)
প্রার্থীর নাম ও রোল নং : নিম্নোক্ত তালিকা অনুযায়ী

বিষয়: ৫৪ ব্যাচ ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের একাডেমীতে ভর্তি হওয়া প্রসঙ্গে।

আদিষ্টক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ২৮.০১.২০১৮ তারিখে অনুষ্ঠিত চক্ষু পরীক্ষা, চক্ষুর রং দর্শন ও চূড়ান্ত ডাক্তারী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা নিম্নে দেয়া গেল। নিম্নোক্ত তালিকার প্রার্থীগণ আগামী ৩০.০১.২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০ হতে বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে মেরিন একাডেমীতে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে।

২। ভর্তি হওয়ার সময় অগ্রিম ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা যা অফেরতযোগ্য যে কোন সোনালী ব্যাংক থেকে কমান্ড্যান্ট, মেরিন একাডেমীর অনুকূলে সোনালী ব্যাংক, মেরিন একাডেমী শাখা, চট্টগ্রাম এর বরাবরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অথবা অনলাইনে একাডেমীর হিসাব নং ২০০০০০০৯, সোনালী ব্যাংক, মেরিন একাডেমী শাখায় পরিশোধ করতে হবে। প্রশিক্ষণকালীন যাবতীয় ব্যয় সংক্রান্ত তথ্য ভর্তির সময় প্রদান করা হবে।

৩। ভর্তি হওয়ার সময় নিম্নোক্ত মূল সনদ ও নম্বরফর্দ জমা দিতে হবে (অথবা প্রোক্ত দিন হতে ০৭ দিন সময় নিয়ে পরে জমা দেয়া যাবে) :

ক) মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বরফর্দ	- প্রত্যেকটির ০২ টি ফটোকপিসহ
খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বরফর্দ	- প্রত্যেকটির ০২ টি ফটোকপিসহ
গ) জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি	- ০২ কপি
ঘ) অবিবাহিত প্রমাণের সনদপত্র (মূল)	- ০১ কপি
ঙ) পিতা/মাতা/অভিভাবকের আয়ের সনদপত্র	- ০১ কপি
চ) পাসপোর্ট সাইজের ছবি	- ০৪ কপি

৪। একাডেমীতে প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্তে (১) মূল আবেদন ফরম (Main Application Form); (২) “ইনডেমনিটি বন্ড নমুনা Annex-A” (তিনশত টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প); এবং (৩) ০২ বছর প্রশিক্ষণের ব্যয়ভার বহনের সামর্থ্যের অনুকূলে পিতা/আইনানুগ অভিভাবকের অঙ্গীকার নামা; ভর্তির দিন প্রদান করা হবে। ফরম সমূহ যথাযথভাবে পূরণ করে ফেব্রুয়ারি ২০১৭ এর ১ম সপ্তাহে একাডেমীতে যোগদানের সময় (তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে) জমা দিতে হবে।

৫। অভিভাবকের মধ্যে চাকুরিরতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর থেকে আয়কর সনদ/আয়কর রিটার্ন অথবা অফিস প্রধান কর্তৃক আয়ের প্রত্যয়নপত্র এবং অন্যান্য অভিভাবকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষ থেকে প্রদত্ত বাৎসরিক আয়ের সনদপত্র দাখিল করতে হবে।

বি: দ্র: একাডেমীর ০২ বছর মেয়াদী প্রাক-সমুদ্র প্রশিক্ষণ সফলভাবে সমাপ্তির পর জাহাজে চাকুরী প্রাপ্তির দায়িত্ব প্রার্থীর নিজের।



খালিদ মাহমুদ
প্রধান শিক্ষা কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়কের কার্যালয়
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম
E-mail:- chittagong@hospi.dghs.gov.bd

স্মারক নং-জেহাচ/পার-১/প্রশা-১৭/

তারিখঃ- ২৪/০১/১৮ইং

✓ বরাবর
ড.সাজিদ হোসেন
চাটার্জ মেরিন ইঞ্জিনিয়ার
কম্যান্ড্যান্ট
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম-৪২০৬


বিষয়ঃ- বাংলাদেশ মেরিন একাডেমির ৫৪তম ব্যাচ এর ডাক্তারী সনদ প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ- নৌপমপত্র নং-১৮.০১২.০০০.০২.০০১.২০১২-২৫৩ তারিখঃ- ১২/১১/২০১৪ ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে অত্র ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল চট্টগ্রামে বাংলাদেশ মেরিন একাডেমির ৫৪ ব্যাচে ক্যাডেট হিসেবে প্রাথমিকভাবে নির্বাচিত অপক্ষেমান তালিকার (২য় পর্যায়) সর্বমোট ১৭ (সতের) জন ভর্তিচ্ছুক প্রার্থীদের ডাক্তারী পরীক্ষা সম্পাদন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

পরীক্ষা সমূহ প্রার্থীদের নামঃ-

SL	Name	Roll No	Remark
1	Md.Imtiaz Hossain	687468	
2	Khondaker Irfanul Alam	339931	
3	A.K.M Ashique Parves	567496	
4	Durjoy Kumar Das	476386	
5	Md.Rejaur Rahman	311692	
6	Md.Abdul Jamil Shuvo	397239	
7	Muhammad Tahmid Ta-Seen	363488	
8	Kazi Yasin Arafat	340363	
9	Md.Alamgir Kabir	362067	
10	Fazle Hossain Rafi	482096	
11	Shah Md.Omar Sharif	484019	
12	Md.Mujammul Hossen	560316	
13	Md.Asiful Islam	351248	
14	Ahanaf Islam	530702	
15	A.M.Sahariar Aziz	370508	
16	Md.Kamruzzaman	721471	
17	Rukon Mia	408909	


(ডাঃ অসীম কুমার নাথ)
তত্ত্বাবধায়ক (উপ-পরিচালক)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম

